



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম
শিক্ষা ভবন, ঢাকা।



স্মারক নং- মাউশি/সেসিপ-SPSU/আরটিপি/৩-১৫/২০১৭/৫৭

তারিখ: ৩১/০৮/২০২০ খ্রি.

বিষয়: সেসিপ-এর আওতায় নিয়োগকৃত রিসোর্স টিচার (আরটি) এর হালনাগাদ তথ্য প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ)-এর আওতায় অতি দরিদ্র, সুবিধাবঞ্চিত ও ক্ষুদ্র নৃগোষ্ঠী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি বৃদ্ধি করা ও ভর্তি হওয়া শিক্ষার্থীদের প্রতিষ্ঠানে শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখা এবং শিক্ষার পরিবেশকে আকর্ষণীয় করার লক্ষ্যে নির্বাচিত ১৪২টি উপজেলায় ১০০০টি প্রতিষ্ঠানে ইংরেজি, গণিত এবং বিজ্ঞান বিষয়ে ১০০০ (এক হাজার) জন রিসোর্স টিচার (আরটি) নিয়োগ প্রদান করা হয়েছে। সে প্রেক্ষিতে রিসোর্স টিচার (আরটি) সংক্রান্ত পরবর্তী পরিকল্পনার জন্য তাঁদের হালনাগাদ তথ্য প্রয়োজন (নির্ধারিত ছক)।

এমতাবস্থায়, রিসোর্স টিচার (আরটি)গণের হালনাগাদ তথ্য সংযুক্ত ছক মোতাবেক আগামী ১৫/০৯/২০২০ খ্রি. তারিখের মধ্যে sesip.rtp@gmail.com ইমেল (এক্সসেলশীটে সফট কপি ও স্বাক্ষরিত পিডিএফ কপি) এবং ডাক যোগে অগ্রায়নপত্রসহ হার্ড কপি প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক ১ পাতা।

বিতরণ:

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা

উপজেলা জেলা (সংশ্লিষ্ট সকল উপজেলা)।

মো: আজউর রহমান

সহকারী পরিচালক (ইকুইটি)

ফোন: ৯৫৭৩৮৯৯

অনুলিপি জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় কার্যার্থে:

- ১। প্রোগ্রাম পরিচালক, সেসিপ ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
- ৩। প্রকল্প কর্মকর্তা (প্রোগ্রাম-৩), এসপিএসইউ, সেসিপ (সেসিপ-এর ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
- ৪। জেলা শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট জেলা)।
(তাঁর আওতাধীন উপজেলাসমূহের তথ্য একত্র করে নির্ধারিত সময়ে মধ্যে প্রেরণের অনুরোধসহ)।
- ৫। প্রধান শিক্ষক/সুপার (সংশ্লিষ্ট সকল)।
- ৬। সংরক্ষণ নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়

উপজেলা : জেলা :

বিষয়: কর্মরত রিসোর্স টিচার (আরটি) ও 'পদ শূন্য প্রতিষ্ঠান' এর সংক্রান্ত হালনাগাদ তথ্য ছক।
(উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কর্তৃক পরণকৃত)

ছক: 'ক' (কর্মরত আরটি তালিকা)

ক্র:	শিক্ষকের নাম (আইডিসহ)	বিষয়	প্রতিষ্ঠানের নাম (EIIINসহ)	মোবাইল নম্বর	ইমেইল	বিগত ২০১৯-২০ অর্থ বছরের রিসোর্স টিচারগণের বেতন-ভাতার হিসাব বিবরণী:		
						প্রাপ্ত মোট বরাদ্দ	প্রকৃত ব্যয়	অব্যয়িত অর্থের পরিমাণ
								মন্তব্য

ছক: 'খ' (আরটি পদ শূন্য প্রতিষ্ঠানের তালিকা)

ক্র:	প্রতিষ্ঠানের নাম (EIIINসহ)	আরটি'র বিষয়ের নাম	একই বিষয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষকের সংখ্যা	প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নম্বর	প্রতিষ্ঠান প্রধানের ইমেইল	বিগত ২০১৯-২০ অর্থ বছরের রিসোর্স টিচারগণের বেতন-ভাতার হিসাব বিবরণী (প্রযোজ্য ক্ষেত্রে):		
						প্রাপ্ত মোট বরাদ্দ	প্রকৃত ব্যয়	অব্যয়িত অর্থের পরিমাণ
								মন্তব্য

স্বাক্ষর

(নাম :)

পদবি : উপজেলা একাডেমিক সুপারভাইজার

ফোন নম্বর :

ই-মেইল নম্বর :

স্বাক্ষর

(নাম :)

পদবি : উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

ফোন নম্বর :

ই-মেইল নম্বর :

আরটি সংক্রান্ত তথ্য প্রেরণ ও পরবর্তী কাজের জন্য আবশ্যিকভাবে পালনীয় কতিপয় নির্দেশনা:

১. সরেজমিনে যাচাইকৃত তথ্য প্রেরণ করতে হবে;

২. অসম্পূর্ণ ও ভুল তথ্য প্রেরণ করা যাবে না;

৩. রিসোর্স টিচার (আরটি)'র পদ শূন্য এমন প্রতিষ্ঠানের তালিকা পৃথকভাবে প্রেরণ করতে হবে;

৪. রিসোর্স টিচার (আরটি) এর পদ সৃষ্ট প্রতিষ্ঠান বর্তমানে বন্ধ হলে তা তাৎক্ষণিক লিখিতভাবে অবহিত করতে হবে;

৫. কোনো রিসোর্স টিচার তাঁর পদ হতে ইস্তফা প্রদান করতে চাইলে তিনি ১ মাস পূর্বে লিখিত নোটিশের মাধ্যমে কর্তৃপক্ষকে অবহিত করবেন অথবা ইস্তফা প্রদানের সময় ১ মাসের বেতন ভাতা ফেরত প্রদান করবেন।

রিসোর্স টিচারের নিকট সবকারের কোনো পাওনা নেই এমন প্রত্যয়নসহ সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা পদত্যাগপত্র গ্রহণের জন্য যুগ্ম প্রোগ্রাম পরিচালক বরাবর আবেদন জমা প্রেরণ করবেন। যে কোনো পর্যায়ে এ

সংক্রান্ত আর্থিক অনিয়ম পরিলক্ষিত হলে তা সংশ্লিষ্ট আয়ন-ব্যয়ন কর্মকর্তাকে নিষ্পন্ন করতে হবে।


৩০/০৬/২০২০